

# মুহাম্মদ

প্রিন্ট: ০২ নভেম্বর ২০২৫, ১১:০২ এএম

শিক্ষাঙ্গন

## জকসুতে প্রার্থী হচ্ছেন সেই খাদিজা



সাকেরুল ইসলাম, জবি

প্রকাশ: ৩১ অক্টোবর ২০২৫, ১০:২৮ পিএম



খাদিজাতুল কুবরা। ফাইল ছবি

জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্রসংসদ (জকসু) নির্বাচনে প্রার্থী হওয়ার ঘোষণা দিয়েছেন সাইবার নিরাপত্তা আইনের মামলায় ১৫ মাস কারাভোগ করা জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আলোচিত শিক্ষার্থী খাদিজাতুল কুবরা।

শুক্রবার রাতে যুগান্তরকে তিনি এ তথ্য নিশ্চিত করেছেন। কোনো প্যানেল থেকে প্রার্থী হবেন, নাকি স্বতন্ত্রভাবে নির্বাচন করবেন- এ বিষয়ে সিদ্ধান্ত নেননি বলে জানান তিনি। তবে বিভিন্ন দল ও প্যানেল তাকে প্রার্থী হওয়ার জন্য প্রস্তাব করছে বলে জানিয়েছেন খাদিজা।

খাদিজাতুল কুবরা বলেন, বিভিন্ন দল ও প্যানেল আমাকে তাদের প্যানেলে প্রার্থী হওয়ার জন্য প্রস্তাব করছে। আমি এখনো কাউকে নিশ্চয়তা দেয়নি। প্রথমে এসব প্যানেলের সঙ্গে আমি কথা বলছি। বুঝার চেষ্টা করছি, তাদের কী লক্ষ্য এবং উদ্দেশ্য কী। যাদের সঙ্গে আমার ম্যাভেট মিলে যাবে, তাদের প্যানেলেই যাব।

ছাত্রদলের প্যানেল থেকে নির্বাচন করার বিষয়ে গুপ্তজন সম্পর্কে জানতে চাইলে খাদিজাতুল কুবরা বলেন, আমি এখনো সিদ্ধান্ত নেইনি। ছাত্রদলের সঙ্গেও আমার কথা হয়েছে। আমি পরে বিবেচনা করে সিদ্ধান্ত নিব। খুব দ্রুত আমি নিজের সিদ্ধান্তের কথা জানিয়ে দিব।

নির্বাচিত হয়ে শিক্ষার্থীদের আবাসন সমস্যা সমাধান ও চিকিৎসা সেবার নিশ্চয়তা এবং একাডেমিক মানোন্নয়নে গুরুত্ব দেবেন বলে জানান তিনি।

খাদিজা বলেন, দ্বিতীয় ক্যাম্পাস বাস্তবায়ন, বৃত্তি সুবিধা নিশ্চিতকরণ, হল ক্যান্টিন ও ক্যাফেটেরিয়ার খাবারের মানোন্নয়নের চেষ্টা করব। ইতোমধ্যে আমি কিছু প্রাইভেট মেডিকেল কলেজের সঙ্গে কথা বলেছি। যাতে সেখানে তারা কম খরচে মেডিকেল টেস্ট করাতে পারে। তাছাড়া পুরান ঢাকার অস্বাস্থ্যকর পরিবেশ, পড়াশোনার চাপ ও আর্থিক অনটনে অনেক শিক্ষার্থী মানসিকভাবে ভেঙে পড়েছে। আমি তাদের কাউন্সেলিংয়ের ব্যবস্থা করব।

দীর্ঘ ১৫ মাস জেল জীবনের স্মৃতিচারণ করে জবির এই শিক্ষার্থী বলেন, আমি হাসিনাকে ফ্যাসিস্ট বলার কারণে কারাভোগ করেছি। আমি একজন মজলুম ব্যক্তি। তাই আমি নির্বাচিত হয়ে মজলুমের পক্ষে কাজ করব। কেউ শিক্ষক বা সিনিয়র দ্বারা মুখ খুলতে (মতপ্রকাশ)

বাধাগ্রস্ত হয়ে থাকে, আমি তার পক্ষে থাকব। কোনো শিক্ষকের বিরুদ্ধে কথা বললে নাস্তার কমায় দিবে, এই ভয়ের সংস্কৃতি ভাঙ্গার চেষ্টা করব। আমার ভাই বা বোন হোক, তাদের যেকোনো সমস্যায় যেকোনো সময় আমাকে পাশে পাবে।

খাদিজাতুল কুবরা জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০ শিক্ষাবর্ষের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী।

ছাত্রদলের প্যানেল থেকে আলোচিত শিক্ষার্থী খাদিজাতুল কুবরার প্রার্থী হওয়ার গুঞ্জন নিয়ে শাখা ছাত্রদল আহ্বায়ক মেহেদী হাসান হিমেলের সঙ্গে কথা হয় যুগান্তরের। তিনি বিষয়টি নিয়ে মন্তব্য করতে অস্বীকৃতি জানান। তবে তিনি বলেন, আমরা একটি ইনক্লুসিভ প্যানেল দেওয়ার চেষ্টা করছি। তবে কে বা কারা প্যানেলে থাকবে, এখনই তা ঘোষণা করছি না।

২০২০ সালের অক্টোবরে অনলাইনে ফ্যাসিস্ট আওয়ামী লীগ সরকারের বিরুদ্ধে বক্তব্য প্রচার এবং দেশের ভাবমূর্তি ক্ষুণ্ণের অভিযোগ এনে খাদিজাতুল কুবরা ও মেজর (অব.) দেলোয়ার হোসেনের বিরুদ্ধে কলাবাগান এবং নিউমার্কেট থানায় পৃথক দুটি মামলা করে পুলিশ। একটি ইউটিউব চ্যানেলে মেজর (অব.) দেলোয়ার হোসেনের সঙ্গে লাইভ টকশো হোস্ট হিসেবে বক্তব্য দেওয়ার জেরে এই মামলা করা হয় খাদিজার বিরুদ্ধে। এ মামলায় প্রায় ১৫ মাস কারাভোগ করেন খাদিজাতুল কুবরা। বর্তমানে তিনি জবির নওয়াব ফয়জুন্নেসা চৌধুরানী ছাত্রী হলের আবাসিক শিক্ষার্থী।